

জামায়াত কওমি মাদ্রাসা ধ্বংসের পায়তারা করছে

— মাওলানা মাসউদ

■ সিলেট ব্যুরো
শাহীনতাবিদ্বেষী ও ইসলামের শত্রু জামায়াত-শিবিরকে নিবিচ্ছিন্ন দাবি জানিয়েছেন দেশের বৃহত্তম ইদগাহ কিশোরগঞ্জের পোনাকিয়ার ইমাম বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মাওলানা ফরীদ উদ্দীন মাসউদ। তিনি বলেন, জামায়াত-শিবির, দেশের আদিম উপায়া ও কওমি মাদ্রাসাতলো ধ্বংসের পায়তারা করছে।

শাহীনতাবিদ্বেষী/জামায়াত-শিবিরের, সব ব্যুৎসা-প্রতিষ্ঠান সরকারের নিয়ন্ত্রণে নেওয়ার আহ্বান জানিয়ে মাওলানা মাসউদ বলেন, ইসলাম নিয়ে বিজ্ঞাতিকর প্রচারণার জন্য তাদের সব প্রকাশনা বাজেয়াপ্ত করতে হবে। গতকাল তুর্কবার সামাজিক, সাংস্কৃতিক ও মানবতাবাদী আন্দোলন শান্তির অবেক্ষায় সিলেট শাখা আয়োজিত বিভাগীয় সমাবেশে তিনি এ কথা বলেন।

যুগ্মপরাধীদের বিচার প্রসঙ্গে তিনি বলেন, গোপাঘ আযখের বিচারে প্রত্যাশিত সাজা হয়নি। মুক্তিযুদ্ধের সময়কার ঘটনার জন্য তার আরও কঠোর সাজা হওয়া উচিত ছিল।

নগরীর রিকাবীবাজারে কবি নজরুল অডিটোরিয়ামে অনুষ্ঠিত সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, বাংলাদেশ সুফি ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক অধ্যাপক রুহুল আমীন গ্রামাণিক, ইকরা ফাউন্ডেশনের চেয়ারম্যান মাওলানা রুহুল আমীন সিরাজী, অধ্যক্ষ আইয়ুব আনসারী, ইফার সাংস্কৃতিক পরিচালক ডা. শাহাদাত হোসেন, শহীদ সাংবাদিক সিরাজুদ্দিন হোসেনের ছেলে সাংবাদিক শাহীন রেজা নূর।

সংগঠনের আহ্বায়ক সাংবাদিক আদ-আজাদের সভাপতিত্বে ও সদস্য সচিব সাংস্কৃতিক সংগঠক শামসুল আলম সেনিয়ার পরিচালনায় সমাবেশে সংহতি প্রকাশ করেন সিলেট জেলা পরিষদের প্রশাসক ও জেলা আওয়ামী লীগ সভাপতি আবদুল জহির চৌধুরী সুফিয়ান, বিএমএর কেন্দ্রীয় সহসভাপতি ডা. ইহতেশামুল হক চৌধুরী দুলালসহ বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ।